# যুক্তরাষ্ট্র-ইসরায়েল হামলায় ইউরোপ নিরপেক্ষ ছিল না: ইসমাইল বাঘাই



ইসমাইল বাঘাই। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক অভিযানে পশ্চিমা সামরিক জোট ন্যাটোর সদস্য দেশগুলো প্রত্যক্ষভাবে সহযোগিতা করেছে বলে অভিযোগ তুলেছে তেহরান। ইরানের দাবি, এ ঘটনায় ইউরোপ নিরপেক্ষ অবস্থানে ছিল না।

বুধবার (৮ জুলাই) ন্যাটোর মহাসচিব মার্ক রুটের সাম্প্রতিক মন্তব্যকে কেন্দ্র করে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এ প্রতিক্রিয়া জানায়।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই মার্ক রুটের বক্তব্যের কঠোর সমালোচনা করেন। তার ভাষ্য, ন্যাটো প্রধানের মন্তব্য থেকেই স্পষ্ট হয়েছে যে, সংঘাতের সময় ইউরোপীয় দেশগুলো নিরপেক্ষ ভূমিকা পালন করেনি।

ইসমাইল বাঘাই আরও বলেন, যেসব ইউরোপীয় দেশ যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি বাহিনীকে নিজেদের ভূখণ্ড, বিমানঘাঁটি কিংবা অবকাঠামো ব্যবহারের সুযোগ দিয়েছে, তারা এই হামলার দায় এবং এর পরিণতি থেকে নিজেদের বিচ্ছিন্ন রাখতে পারে না।

LENS ASIA

তার মতে, আন্তর্জাতিক আইন লঙ্ঘনের অভিযোগে ন্যাটোর সংশ্লিষ্ট সদস্য রাষ্ট্রগুলোর জবাবদিহি নিশ্চিত করা উচিত এবং এ বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের কার্যকর পদক্ষেপ নেওয়া প্রয়োজন।